

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
(প্রতিবন্ধিতা শাখা)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.msw.gov.bd

পরিপত্র

প্রতিবন্ধী শিশুদের শিক্ষাদানের জন্য জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশের আওতায় পরিচালিত বুদ্ধি প্রতিবন্ধী বিদ্যালয়ের শিক্ষক-কর্মচারী নিয়োগের জন্য নিম্নরূপ নির্দেশনা প্রদান করা হলোঃ

১. শূন্য পদে শিক্ষক-কর্মচারী নিয়োগের ক্ষেত্রে পদ শূন্য হওয়ার কারণসহ ম্যানেজিং কমিটির পূর্ব অনুমোদনক্রমে নিয়োগ কার্যক্রম গ্রহণের জন্য জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশনের ছাড়পত্র গ্রহণ করতে হবে।
২. জনবল নিয়োগের ক্ষেত্রে প্রতিবন্ধিতা সম্পর্কিত সমন্বিত বিশেষ শিক্ষা নীতিমালা, ২০০৯ এর অনুচ্ছেদ ৫.৪ এবং ৭.৪.১.৫ অনুসরণ করতে হবে এবং নিম্নবর্ণিত তথ্যাদি সন্তুষ্টিপূর্ণভাবে নির্বাচিত করতে হবেঃ
 - ক) বিদ্যালয়ের প্রত্যেক শিক্ষার্থী সমাজসেবা অধিদফতর কর্তৃক পরিচালিত প্রতিবন্ধিতা শনাক্তকরণ জরিপ কর্মসূচির অন্তর্ভুক্ত হতে হবে;
 - খ) প্রত্যেক শিক্ষার্থীর প্রতিবন্ধিতা সম্পর্কিত আইডি নম্বর থাকতে হবে;
 - গ) শ্রেণিভিত্তিক প্রতিবন্ধী শিক্ষার্থীর নাম, বয়স, লিঙ্গ, প্রতিবন্ধিতার ধরণ ইত্যাদি তথ্য সম্বলিত তালিকা থাকতে হবে;
৩. ম্যানেজিং কমিটি কর্তৃক কমপক্ষে ৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট জনবল নিয়োগ কমিটি গঠন করতে হবে। সদস্যদের মধ্যে কমপক্ষে তিন জন সরকারি কর্মকর্তাকে সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করতে হবে, যার মধ্যে উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় বা তাঁর প্রতিনিধি, জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসারের প্রতিনিধি এবং সংশ্লিষ্ট জেলা/উপজেলার প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা অন্তর্ভুক্ত থাকবে।
৪. শিক্ষক-কর্মচারী নিয়োগের জন্য প্রতিবন্ধিতা সম্পর্কিত সমন্বিত বিশেষ শিক্ষা নীতিমালা, ২০০৯ এর তফসিল (খ)(খ) অনুসারে যোগ্যতা উল্লেখপূর্বক বহুল প্রচারিত একটি জাতীয় ও একটি স্থানীয় দৈনিক পত্রিকায় নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করতে হবে।
৫. শিক্ষক-কর্মচারী নিয়োগের জন্য সরকারী বিধি মোতাবেক বয়স ও কোটা পদ্ধতি যথাযথভাবে অনুসরণ করতে হবে।
৬. শিক্ষক-কর্মচারী নিয়োগের ক্ষেত্রে লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ করতে হবে।
৭. লিখিত পরীক্ষা ও মৌখিক পরীক্ষায় (অন্যান্য পরীক্ষা যদি থাকে) প্রাপ্ত নম্বরের সমন্বয়ে ফলাফল তালিকা (Result Sheet) প্রস্তুতপূর্বক বিদ্যমান কোটা পদ্ধতি অনুসরণ করে নিয়োগের সুপারিশ করতে হবে।
৮. নিয়োগ কমিটির সুপারিশ, ম্যানেজিং কমিটির অনুমোদন, লিখিত ও মৌখিক পরীক্ষার ফলাফল, নিয়োগের জন্য সুপারিশকৃত প্রার্থীর সনদপত্রের সত্যায়িত কপি, নিয়োগ বিজ্ঞপ্তিসহ সকল তথ্যাদি জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশনের মাধ্যমে সমাজকল্যাণ মন্ত্রণালয়ে প্রেরণপূর্বক নিয়োগের অনুমতি গ্রহণ করতে হবে।
৯. সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক নিয়োগের অনুমোদন পাওয়ার পর বিদ্যালয় ম্যানেজিং কমিটি নিয়োগপত্র জারী করবে।

০২। জনস্বার্থে এ পরিপত্র জারী করা হলো তা অবিলম্বে কার্যকর হবে।

২৩/৮/২০১৮
(মোহাম্মদ আকবর আলী)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৪৬০৪২

স্মারক নং - ৮১.০০.০০০০.০৫৪.০১.০০১.২০১৭-৩২০

০৫ আশ্বিন, ১৪২৫

২০ সেপ্টেম্বর, ২০১৮

অনুলিপি সদয় কার্যর্থে ও জ্ঞাতার্থে প্রেরণ করা হলো:

১. ব্যবস্থাপনা পরিচালক, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, মিরপুর-১৪, ঢাকা
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. জেলা প্রশাসক, (সকল)
৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় (সকল)
৭. অতিরিক্ত সচিব (প্রতিষ্ঠান ও প্রতিবন্ধিতা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৮. প্রধান শিক্ষক, বুদ্ধি প্রতিবন্ধী বিদ্যালয় (৬২টি বিদ্যালয়)